# ইস্তাহারে কর্মসংস্থান-সামাজিক সুরক্ষায় জোর বামফ্রন্টের



**নিজস্ব প্রতিনিধি**— আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে 'ইশতেহার' প্রকাশ করল বামফ্রন্ট। শনিবার সিপিআইএমের রাজ্য দপ্তরে বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসুর হাত ধরে প্রকাশিত এই ইস্তাহারে কর্মসংস্থান, শিল্পায়ন ও সামাজিক সুরক্ষাকেই মূল হাতিয়ার করেছে বাম শিবির। উপস্থিত ছিলেন শ্রীদীপ ভট্টাচার্য, স্বপন ব্যানার্জি, সঞ্জীব চ্যাটার্জি, রাজীব ব্যানার্জি-সহ বাম নেতৃত্বের শীর্ষস্তরের প্রতিনিধিরা।

২২ দফা প্রতিশ্রুতির এই ইস্তাহারে বেকারত্ব দূরীকরণে বিশেষ জোর দেওয়া হয়েছে। বামেদের আশ্বাস, ক্ষমতায় এলে পাঁচ বছরের মধ্যে সমস্ত সরকারি শূন্যপদ স্বচ্ছতার সঙ্গে পূরণ করা হবে। পাশাপাশি প্রতিটি উপার্জনহীন পরিবারে অন্তত একজনের কাজ ও সামাজিক সুরক্ষা নিশ্চিত করার প্রতিশ্রুতি রয়েছে। শিক্ষক নিয়োগে নিয়মিত পরীক্ষা এবং 'নেতাজী সুভাষ যুবসেবক প্রকল্প'-এর মাধ্যমে তরুণদের ভাতা-সহ প্রশিক্ষণের কথাও বলা হয়েছে।

দৈনন্দিন জীবনের খরচ কমাতেও একাধিক ঘোষণা রয়েছে ইস্তাহারে। ১০০ ইউনিট পর্যন্ত বিনামূল্যে বিদ্যুৎ এবং ২০০ ইউনিট পর্যন্ত অর্ধেক দামে পরিষেবা দেওয়ার আশ্বাস দেওয়া হয়েছে। প্রবীণদের বার্ধক্য ভাতা বাড়িয়ে ৬০০০ টাকা এবং প্রতিটি মহকুমায় জেরিয়াট্রিক কেয়ার হোম তৈরির কথাও উল্লেখ রয়েছে।

তৃতীয় লিঙ্গ ও কুইয়ার শ্রমিকদের অধিকার নিয়েও স্পষ্ট অবস্থান নিয়েছে বামফ্রন্ট। সমান কাজে সমান মজুরি, সামাজিক সুরক্ষা এবং কর্মীর মর্যাদা নিশ্চিত করার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। পাশাপাশি কর্মক্ষেত্র ও জনপরিসরে স্বাস্থ্যসম্মত টয়লেট, ক্রেশের ব্যবস্থা এবং প্রথা-বহির্ভূত কাজে দক্ষতা বৃদ্ধির মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ তৈরির কথাও বলা হয়েছে।

ইস্তাহার প্রকাশের মঞ্চ থেকে বিভাজনের রাজনীতির কড়া সমালোচনা করেন বিমান বসু। ভোটার তালিকা থেকে নাম বাদ যাওয়ার অভিযোগ তুলে নির্বাচন কমিশনের ভূমিকাও প্রশ্নের মুখে তোলেন তিনি। ভোটের মুখে বামফ্রন্টের এই ইস্তাহার কতটা প্রভাব ফেলবে, তা নিয়েই এখন রাজনৈতিক মহলে উঠছে প্রশ্ন।

# মোথাবাড়ি কাণ্ড: তিন দলে ভাগ হয়ে তদন্তে এনআইএ



**নিজস্ব সংবাদদাতা, মোথাবাড়ি, ৪ এপ্রিল**— মোথাবাড়ি ঘটনায় দ্রুত তদন্তে তৎপর এনআইএ। সূত্রের খবর, তদন্তকে এগিয়ে নিয়ে যেতে তিনটি পৃথক দলে ভাগ হয়ে কাজ শুরু করেছেন আধিকারিকরা। প্রশাসনিক দপ্তর, থানা এবং ঘটনাস্থল—সব দিকেই সমান্তরালভাবে খতিয়ে দেখা হচ্ছে।

একটি দল স্থানীয় বিডিও অফিসে গিয়ে প্রশাসনিক নথি ও তথ্য সংগ্রহ করছে। অন্য দল মোথাবাড়ি থানায় পুলিশের রিপোর্ট, ডায়েরি এবং প্রাথমিক তদন্তের কাগজপত্র পরীক্ষা করছে। তৃতীয় দল সরাসরি ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি পর্যবেক্ষণ করছে, যাতে সেদিন ঠিক কীভাবে উত্তেজনা ছড়িয়েছিল তা স্পষ্টভাবে বোঝা যায়। পাশাপাশি প্রশাসনিক বা পুলিশি গাফিলতি ছিল কি না, তাও গুরুত্ব দিয়ে দেখা হচ্ছে।

এই তদন্তে সামাজ মাধ্যমের ভূমিকাও বিশেষভাবে গুরুত্ব পাচ্ছে। প্রাথমিকভাবে জানা গিয়েছে, একাধিক সমাজ মাধ্যমের অ্যাকাউন্ট থেকে উস্কানিমূলক পোস্ট ছড়ানো হয়েছিল, যা পরিস্থিতি আরও উত্তপ্ত করে তোলে। সেই সব অ্যাকাউন্টের উৎস, উদ্দেশ্য এবং সম্ভাব্য যোগসূত্র খতিয়ে দেখা হচ্ছে। প্রয়োজনে সাইবার বিশেষজ্ঞদেরও যুক্ত করা হতে পারে বলে জানা গিয়েছে।

ঘটনার দিন পুলিশের ভূমিকা নিয়েও প্রশ্ন উঠেছে। এনআইএ আধিকারিকরা গভীর রাত পর্যন্ত থানায় থেকে কর্তাদের সঙ্গে আলোচনা করেছেন। আগাম কোনও গোয়েন্দা তথ্য ছিল কি না, থাকলে ব্যবস্থা নিতে দেরি হল কেন—এই সব প্রশ্নের উত্তর খোঁজা হচ্ছে। পাশাপাশি পর্যাপ্ত বাহিনী মোতায়েন ছিল কি না এবং কেন পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা যায়নি, তাও খতিয়ে দেখা হচ্ছে।

এছাড়া সিসিটিভি ফুটেজ সংগ্রহ, প্রত্যক্ষদর্শীদের বয়ান এবং সংশ্লিষ্ট পুলিশকর্মীদের জিজ্ঞাসাবাদের মাধ্যমে ঘটনার পূর্ণ চিত্র সামনে আনার চেষ্টা চলছে। তদন্ত যত এগোবে, ততই প্রকৃত কারণ ও দায়ীদের ভূমিকা স্পষ্ট হবে বলে মনে করা হচ্ছে।

# তৃণমূলের তারকা প্রচারকদের প্রথম তালিকা প্রকাশ

**নিজস্ব প্রতিনিধি**— ভোটের আর মাত্র দু'সপ্তাহ বাকি। আগামী ২৩ এপ্রিল পশ্চিমবঙ্গে প্রথম দফার নির্বাচনকে সামনে রেখে শনিবার তারকা প্রচারকদের প্রথম তালিকা প্রকাশ করল তৃণমূল কংগ্রেস। মোট ৪০ জনের নাম রয়েছে এই তালিকায়। তালিকার শীর্ষে রয়েছেন দলের সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর পরেই নাম রয়েছে সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের। রাজনৈতিক মহলের নজর কেড়েছে আরও কয়েকটি নাম— বিশেষ করে অনুব্রত মণ্ডল, কোয়েল মল্লিক এবং প্রতীক-উর-রহমান।

বীরভূমের রাজনীতিতে এক সময়ের প্রভাবশালী নেতা অনুব্রত মণ্ডলের নাম এই তালিকায় থাকা বিশেষ তাৎপর্যপূর্ণ বলেই মনে করছেন পর্যবেক্ষকরা। সাম্প্রতিক সময়ে দলের অন্দরে তাঁকে ঘিরে বিভিন্ন জল্পনা থাকলেও, তারকা প্রচারকদের তালিকায় তাঁর অন্তর্ভুক্তি নতুন করে বার্তা দিচ্ছে বলেই মত অনেকের। রাজনৈতিক নেতাদের মধ্যে তালিকায় রয়েছেন সুব্রত বক্সী, অরূপ বিশ্বাস, ফিরহাদ হাকিম, চন্দ্রিমা ভট্টাচার্য, মানস ভুঁইয়া, শশী পাঁজা, স্নেহাশিস চক্রবর্তী, কুণাল ঘোষ, মহুয়া মৈত্র, পার্থ ভৌমিক, মমতাবালা ঠাকুর, প্রতিমা মণ্ডল, সিদ্দিকুল্লা চৌধুরী, বিরবাহা হাঁসদা এবং দেবাংশু ভট্টাচার্য।

অন্যদিকে, সেলেব-রাজনীতিকদের তালিকায় রয়েছেন ইউসুফ পাঠান, দেব, রাজ চক্রবর্তী, সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায়, জুন মালিয়া, সায়নী ঘোষ, রচনা বন্দ্যোপাধ্যায়, অদিতি মুন্সি, বাবুল সুপ্রিয়, শতাব্দী রায়, কীর্তি আজাদ এবং শত্রুঘ্ন সিনহা। এছাড়াও তালিকায় স্থান পেয়েছেন ঋতব্রত বন্দ্যোপাধ্যায়, জ্যোৎস্না মান্ডি, জগদীশচন্দ্র বর্মা বসুনিয়া, শ্রীকান্ত মাহাতো এবং মোশারফ হুসেন।

প্রথম দফার ভোটের আগে এই তারকা প্রচারকদের মাঠে নামিয়ে প্রচারে জোর বাড়াতে চাইছে তৃণমূল। রাজনৈতিক মহলের মতে, তারকাদের উপস্থিতি ভোটের লড়াইয়ে বাড়তি প্রভাব ফেলতে পারে।

# এবার এমনভাবে ভোট দিন যাতে দিল্লি-গুজরাতও বুঝতে পারে: অভিষেক



**নিজস্ব প্রতিনিধি**— "আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, এই প্রচণ্ড গরমে যাঁরা এখানে এসেছেন তাঁরা কেবল রাজনৈতিক ভাষণ শুনতে আসেননি, বরং আগামী দিনে তৃণমূল কংগ্রেস প্রার্থীদের জয় নিশ্চিত করতে এবং চতুর্থবারের মতো মা-মাটি-মানুষের সরকার ফিরিয়ে আনতে এসেছেন"— বারাবনির জনসভা থেকে বললেন অভিষেক বন্দ্যোপাধ্যায় ।

মঞ্চে উপস্থিত ছিলেন বারাবনির প্রার্থী বিধান উপাধ্যায়, পাণ্ডবেশ্বরের নরেন্দ্রনাথ চক্রবর্তী, জামুড়িয়ার হরেরাম সিং, দুর্গাপুর পূর্বের প্রদীপ মজুমদার, দুর্গাপুর পশ্চিমের কবি দত্ত, আসানসোল উত্তরের মলয় ঘটক এবং রানিগঞ্জের কালোবরণ মণ্ডল সহ একাধিক প্রার্থী ও নেতৃত্ব।

বিধান উপাধ্যায়ের প্রসঙ্গে তিনি বলেন, বিধান উপাধ্যায়কে এমনভাবে জেতাতে হবে যাতে জল্লাদ বিজেপি বারাবনিতে মাটি খুজে না পায় ।

বিজেপির বিরুদ্ধে তীব্র আক্রমণ শানিয়ে অভিষেক অভিযোগ করেন, বারাবনির বিজেপি প্রার্থী অরিজিৎ রায়ের বিরুদ্ধে একাধিক অপকর্ম ও হুমকির অভিযোগ রয়েছে। তাঁর বক্তব্য, ভোট দিলে এলাকায় "অপরাধীদের রাজত্ব" ফিরে আসতে পারে। পাশাপাশি তিনি দাবি করেন, বিজেপির স্থানীয় সংগঠন বিভিন্ন বিতর্কিত ও অসৎ কার্যকলাপে জড়িত।

এদিন স্থানীয় সমস্যা নিয়েও কথা বলেন অভিষেক। তিনি জানান, বারাবনি ও সালানপুর ব্লকের বহু মানুষ স্টোন ক্রাশার শিল্পের সঙ্গে যুক্ত এবং সিলিকোসিস রোগে আক্রান্ত হওয়ার ঝুঁকিতে রয়েছেন। রাজ্য সরকারের তরফে এই শ্রমিকদের জন্য বিশেষ স্বাস্থ্য উদ্যোগের আশ্বাস দিয়ে তিনি বলেন, সিলিকোসিস পরিচয়পত্র থাকা শ্রমিকদের বিনামূল্যে চিকিৎসা ও যাতায়াতের সুবিধা দেওয়া হবে। যাদের কার্ড নেই, তাদেরও দ্রুত কার্ড দেওয়ার ব্যবস্থা করা হবে বলে প্রতিশ্রুতি দেন তিনি।

এরপর তারাপীঠ সংলগ্ন কারকারিয়া মোড়ে আয়োজিত বিশাল জনসভা থেকে অভিষেক বলেন, "এবারের নির্বাচন শুধুমাত্র তৃণমূল কংগ্রেসের জয় নিশ্চিত করার নির্বাচন নয়, এটি একটি প্রতিবাদের নির্বাচন—যারা আপনাদের লাইনে দাঁড় করিয়েছে, তাদের জবাব দেওয়ার নির্বাচন।"

তিনি হানসান বিধানসভা কেন্দ্রের প্রার্থী ফয়েজুল হক (কাজল শেখ) সহ বীরভূম জেলার একাধিক প্রার্থীর নাম উল্লেখ করে তাঁদের সমর্থনে ভোট দেওয়ার আহ্বান জানান। পাশাপাশি মঞ্চে উপস্থিত সাংসদ শতাব্দী রায়, অসিত মালসহ অন্যান্য নেতৃত্বকেও অভিবাদন জানান।

বক্তৃতায় অভিষেক জানান, তারাপীঠ এলাকায় উন্নয়নমূলক একাধিক কাজ হয়েছে, যার মধ্যে রয়েছে ট্রিডিএ গঠন, শ্মশানের আধুনিকীকরণ, নদীর তীর সৌন্দর্যায়ন, ভক্তদের জন্য আবাসন, চার লেন সড়ক নির্মাণ এবং ব্রাহ্মণী নদীর উপর সেতু।

বিজেপির বিরুদ্ধে কড়া ভাষায় আক্রমণ করে তিনি বলেন, "বিজেপি নেতারা শুধু নির্বাচন এলে দেখা যায়, মানুষের পাশে কখনও থাকেন না।"

তিনি বলেন, "এবারের ভোট শুধুমাত্র একটি আসন জয়ের নয়, এটি মানুষের অধিকার রক্ষার লড়াই। যারা আপনাদের অধিকার কেড়ে নিয়েছে, তাদের জবাব দিতে হবে ব্যালটেই।"

শেষে তিনি জনতার উদ্দেশ্যে আহ্বান জানান, "এবার ইভিএম -এ এমনভাবে ভোট দিন যাতে দিল্লি ও গুজরাটেও তার প্রভাব অনুভূত হয়।"

**Format C-7**

(for Political Parties to publish in the newspapers, social media platforms & website of the party)

Information regarding individuals with pending criminal cases, who have been selected as candidates, along with the reasons for such selection, as also as to why other individuals without criminal antecedents could not be selected as candidates.

(As per the Commission's directions issued in pursuance of the Order dated 13.02.2020 of the Hon'ble Supreme Court in contempt petition(C) no. 2192 of 2018 in WP(C) no. 536 of 2011)

| | | |
|---|---|---|
| Name of the Political Party | : | **BHARATIYA JANATA PARTY (BJP)** |
| *Name of the Election | : | **GENERAL ELECTION TO THE LEGISLATIVE ASSEMBLY-2026, WEST BENGAL** |
| Name of State/UT | : | WEST BENGAL |
| (1) Name of the Constituency | : | **15, DHUPGURI (SC)** |
| Name of the Candidate | : | **NARESH CHANDRA ROY** |

| Sl. No. | | | |
|---|---|---|---|
| 1. | Criminal antecedents | | |
| | a. | Nature of the Offences | Offences under IPC act. |
| | b. | Case No. | Dhupguri PS Case no 195/2024, GR No 2384/2024<br>U/S - 143/147/149/186/189/153A/283/295/295/A/298/333/353/307/34 IPC Read with 3 PDPP Act section 9 of West Bengal Maintenance of Public Order Act R/W Section 8B of N.H. Act. |
| | c. | Name of the Court | CJM, Jalpaiguri |
| | d. | Whether charges have been framed or not (Yes/No) | No |
| | e. | Date of conviction, if any | Not Applicable |
| | f. | Details of punishment undergone, if any | Not Applicable |
| | g. | Any other information required to be given | Not Applicable |
| 2. | The reasons for the selection of the candidate, Selection shall be with reference to the qualifications, achievements and merit of the candidate, and not mere"winnability" at the polls (not more than 100 words) | | The above registered case against the candidate is politically motivated. The party inclined to choose him as a fit candidate for Legislative Assembly as he has longstanding association with the party. He has got a long time attachment in the social and cultural field in the constituency. |
| 3. | Reason as to why other individuals without criminal antecedents could not be selected as candidates (not more than 100 words) | | The above registered case against the candidate is politically motivated. The party inclined to choose him as a fit candidate for Legislative Assembly as he has longstanding association with the party. He has got a long time attachment in the social and cultural field in the constituency. |

*In the case of election to Council of States or States or election to Legislative Council by MLAs, mention the election concerned in place of name of Constituency.

**Signature of office bearer of the Political Party**

**Shashi Agnihotri**
**State General Secretary**
**BHARATIYA JANATA PARTY (BJP)**
**WEST BENGAL**

পঞ্জাব নৈশনল বৈঁক (भारत सरकार का उपक्रम) pnb punjab national bank (Govt. of India Undertaking)

সার্কল অফিস এসএএম, কলকাতা সাউথ
ইউনাইটেড টাওয়ার (১০ম তল) ১১, হেমন্ত বসু সরণী,
কলকাতা-৭০০ ০০১, ই-মেল : cokolsouthsam@pnb.bank.in

ই-অকশন বিক্রির বিজ্ঞপ্তি

**স্থাবর সম্পত্তিসমূহ বিক্রয়ের জন্য বিক্রির বিজ্ঞপ্তি**

**সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ তৎসহ পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-এ প্রদত্ত সংস্থানের অধীনে স্থাবর সম্পদসমূহ বিক্রয়ের জন্য ই-অকশন বিক্রির বিজ্ঞপ্তি।** জনসাধারণকে এবং বিশেষ করে ঋণগ্রহীতা(গণ) এবং গ্যারান্টার(গণ)কে এতদ্বারা বিজ্ঞপ্তি মারফত জানানো হচ্ছে যে সিকিওরড্ ক্রেডিটরের কাছে বন্ধকীকৃত/চার্জড নিম্নে বর্ণিত স্থাবর সম্পত্তি, যা ব্যাঙ্ক/সিকিওরড্ ক্রেডিটরের অনুমোদিত অফিসার দ্বারা গঠনমূলক/বাস্তব/প্রতীকী অধিগ্রহণ করা হয়েছে, সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও গ্যারান্টার(গণ)-এর থেকে ব্যাঙ্ক/সিকিওরড্ ক্রেডিটরের পাওনাবাবদ অর্থ আদায়ের জন্য, নিচের সারণীতে উল্লিখিত তারিখে **"যেখানে যেমন আছে", "সেখানে যা আছে" এবং "যা কিছু যেমনভাবে আছে"** ভিত্তিতে বিক্রি করা হবে। সংশ্লিষ্ট সম্পত্তিসমূহের প্রেক্ষিতে নিচের সারণীতে উল্লিখিত সংরক্ষিত মূল্য এবং বায়নামূল্য জমা উল্লেখ করা আছে।

সিকিওরড্ অ্যাসেটসমূহের শিডিউল

| ক্রঃ নং | শাখার নাম<br>অ্যাকাউন্টের নাম<br>ঋণগ্রহীতার/গ্যারান্টারগণের অ্যাকাউন্টের নাম ও ঠিকানা<br>অ্যাকাউন্ট নং, প্রপার্টি আইডি | বন্ধকীকৃত স্থাবর সম্পত্তিসমূহের বিবরণ / মালিকের নাম (সম্পত্তির(সমূহের) বন্ধকদাতাগণ)<br>লোকেশন কো-অর্ডিনেটস | ক) ডিম্যান্ড নোটিসের তারিখ<br>খ) বকেয়া পরিমাণ<br>গ) অধিগ্রহণের তারিখ<br>ঘ) অধিগ্রহণের ধরন<br>ঙ) ডিলিং আধিকারিক | ক) সংরক্ষিত মূল্য<br>খ) ইএমডি (ইএমডি-র শেষ তারিখ)<br>গ) বিড বৃদ্ধির পরিমাণ<br>ঘ) ই-অকশনের তারিখ / সময়<br>ঙ) এনকামব্র্যান্স, যদি থাকে |
|---|---|---|---|---|
| ১. | শাখা : সরশুনা (০৩৬০২০)<br>মেসার্স শঙ্কর স্টোর<br>স্বত্বাধিকারী : শঙ্কর কুমার পাল<br>বন্ধকদাতা ও গ্যারান্টার :<br>কমলা পাল<br>২১৩, সরশুনা মেন রোড, সরশুনা কলকাতা-৭০০ ০৬১, পশ্চিমবঙ্গ<br>অ্যাকাউন্ট নং : ০৩৬০২১০০০৬৪৬৪<br>প্রপ. আইডি : PUNBSANKARSTORE | কমবেশি ৩ কাঠা ৫ ছটাক পরিমাপের জমি তৎসমেত সেখানে দাঁড় করানো দ্বিতল আবাসিক বিল্ডিংয়ের সম্পূর্ণ ও অবিচ্ছেদ্য অংশ, যেখানে স্থিত এবং রয়েছে মৌজা- সরশুনা, জে.এল. নং ১৭, খতিয়ান নং ৭৪৬, ১৬৬৪, দাগ নং ১৩২৮, কলকাতা পৌরসংস্থার সীমার অন্তর্গত, যেখানে প্রেমিসেস নং ৬৮, রক্ষিত পাড়া রোড, মন্দিরতলা, থানা-সরশুনা, ওয়ার্ড নং ১২৭, কলকাতা-৭০০০৬১, বিইং ডিড্ নং আই-৪৮৭৫, তারিখ ০৫.১২.১৯৬৯, বুক নং ১, ভল্যুম নং ৭৮, পৃষ্ঠা ১৫৭–১৫৯। **সম্পত্তির মালিকানায় গ্যারান্টার মিসেস কমলা পাল,** স্বামী প্রয়াত গণেশ চন্দ্র পাল।<br>**ল্যাট : ২২.৪৭৫৬৮১, লঙ্গ : ৮৮.২৮৬৭৬২** | ক) ১৭.০৮.২০২৩<br>খ) ৯,২৫,৯৫০.১১ টাকা যে তারিখে ৩১.০৭.২০২৩, এবং পুনরায় ধার্য সুদ ও চার্জসমূহ<br>গ) ০১.১১.২০২৩<br>ঘ) প্রতীকী অধিগ্রহণ (ডিএম-এর সমীপে শুনানি হয়েছে)<br>ঙ) অনিরুদ্ধ ব্যানার্জি মোবাইল : ৯৬৭৪১ ৭১৩৮৪ | ক) ৩২,৭৪,০০০.০০ টাকা<br>খ) ৩,২৭,৪০০.০০ টাকা (০৫.০৫.২০২৬)<br>গ) ২৫,০০০.০০ টাকা<br>ঘ) ০৫.০৫.২০২৬ বেলা ১১টা থেকে বিকাল ৪টা<br>ঙ) নেই, ব্যাঙ্কের কাছে জ্ঞাত নয় |
| ২. | শাখা : হাজরা রোড (০১০৮২০)<br>সন্দীপ লাল ও প্রয়াত বীণা লাল (আইনি উত্তরাধিকারী মি. সন্দীপ লাল এবং মিস ঈশিকা লাল)<br>১৩৮/৫, বারুইপাড়া লেন, থানা-বরানগর, কলকাতা-৭০০ ০৩৫<br>অ্যাকাউন্ট নং : ০১০৮৩০০০৯৩৩১০<br>প্রপ. আইডি : PUNBSANDEEPLALL | আলোচ্য বিল্ডিংয়ের পঞ্চম তলে একটি সেল্ফ-কন্টেনড্ ও ইন্ডিপেন্ডেন্ট দক্ষিণ-পূর্ব দিকের ফ্ল্যাট নং ৪/বি-এর ইক্যুইটেব্ল মর্টগেজ যার সুপার বিল্ট আপ এরিয়া সামান্য কমবেশি ৭৫০ বর্গফুট যাতে রয়েছে দুই বেডরুম, এক ডাইনিং কাম ড্রইং রুম, এক কিচেন, দুই ল্যাট্রিন-কাম-বাথরুম এবং একটি ব্যালকনি, যেখানে স্থিত মৌজা-বনহুগলি, তৌজি নং ৩০২৭, জে.এল. নং ৬, আর.এস. নং ৫, খতিয়ান নং ২৩১, দাগ নং ১০২৬ ও ১০২৭, যার মিউনিসিপ্যাল হোল্ডিং নং ৯৩৮, বরানগর পৌরসভার সীমার অন্তর্গত, ওয়ার্ড নং ১৭ (পুরনো)/৯ (নতুন), প্রেমিসেস নং ১৩৮/৫, বারুইপাড়া লেন, থানা-বরানগর, কলকাতা-৭০০ ০৩৫। **সম্পত্তির মালিকানায় মি. সন্দীপ লাল এবং প্রয়াত বীণা লাল (আইনি উত্তরাধিকারী মি. সন্দীপ লাল এবং মিস ঈশিকা লাল)।**<br>**ল্যাট : ২২.৬৫০৫২৮, লঙ্গ : ৮৮.৩৬৯৯০৯** | ক) ১৮.০৮.২০২৫<br>খ) ৮,৮৮,৫১৫.৬৫ টাকা যে তারিখে ৩১.০৭.২০২৫, এবং পুনরায় ধার্য সুদ<br>গ) ৩১.১০.২০২৫<br>ঘ) প্রতীকী অধিগ্রহণ (এসিজেএম-এর সমীপে দাখিল করা হয়েছে)<br>ঙ) সানি কুমার, মোবাইল : ৯৯৩১০ ০১৪৪১ | ক) ১৪,৫১,০০০.০০ টাকা<br>খ) ১,৪৫,১০০.০০ টাকা (০৫.০৫.২০২৬)<br>গ) ১৪,০০০.০০ টাকা<br>ঘ) ০৫.০৫.২০২৬ বেলা ১১টা থেকে বিকাল ৪টা<br>ঙ) এসএ/৩১/২০২৫, ডিআরটি-১ |
| ৩. | শাখা : সরশুনা (০৩৬০২০)<br>অনুপম চক্রবর্তী ও মণিমালা চক্রবর্তী<br>প্রেমিসেস নং ৭৬৩, খান মহম্মদ রোড, থানা-সরশুনা, কলকাতা-৭০০ ০৬১<br>অ্যাকাউন্ট নং : ০৩৬০৩০০০৩০৪৪৫<br>প্রপ. আইডি : PUNBANUPAMCHK | নীলশিখা অ্যাপার্টমেন্ট নামক ত্রিতল আবাসিক বিল্ডিংয়ের ৩য় তলে দক্ষিণ-পশ্চিম-উত্তর দিকে সেল্ফ-কন্টেনড্ আবাসিক ফ্ল্যাট নং '২এ'র সমগ্র অংশ, যার এসবিএ-র পরিমাপ কমবেশি ৩৫০ বর্গফুট যাতে রয়েছে ০১ বেডরুম, ০১ ডাইনিং কাম কিচেন স্পেস, ০১ টয়লেট এবং ০১ ব্যালকনি, যেখানে রয়েছে মৌজা-পশ্চিম বড়িশা, পরগনা-খাসপুর, জে.এল. নং ১৯, আর.এস. নং ৪৩, তৌজি নং ২৩৫, যার অধীনে সি.এস. খতিয়ান নং ২১৭৩, আর.এস. খতিয়ান নং ৪২০৪, যা সম্বলিত দাগ নং ১০৬১ এবং ১০৬৩, কেএমসি-র ১২৬ নং ওয়ার্ডের সীমার অন্তর্গত, যার প্রেমিসেস নং ৭৬৩, খান মহম্মদ রোড, থানা ঠাকুরপুকুর এখন সরশুনা, কলকাতা-৭০০ ০৬১, জেলা-দক্ষিণ ২৪ পরগনা, এ.ডি.এস.আর. অফিস - বেহালা, রেজিস্টার্ড ডিড্ নং ১৬০৭০৮১৯৯ ফর দ্য ইয়ার ২০১৮ তারিখ ২৪.০৮.২০১৮। **শ্রী অনুপম চক্রবর্তী এবং মিসেস মণিমালা চক্রবর্তীর নামে সম্পত্তি।**<br>**ল্যাট : ২২.৪৬৮৫১, লঙ্গ : ৮৮.২৯৩৪১** | ক) ১৭.০৮.২০২৪<br>খ) ৫,৩৯,৪৫১.৯৫ টাকা যে তারিখে ৩১.০৭.২০২৪, এবং পুনরায় ধার্য সুদ<br>গ) ১৬.১২.২০২৪<br>ঘ) প্রতীকী অধিগ্রহণ (ডিএম-এর অর্ডার পাওয়া গেছে)<br>ঙ) অনিরুদ্ধ ব্যানার্জি মোবাইল : ৯৬৭৪১ ৭১৩৮৪ | ক) ৭,৮৯,০০০.০০ টাকা<br>খ) ৭৮,৯০০.০০ টাকা (০৫.০৫.২০২৬)<br>গ) ৭,০০০.০০ টাকা<br>ঘ) ০৫.০৫.২০২৬ বেলা ১১টা থেকে বিকাল ৪টা<br>ঙ) নেই, ব্যাঙ্কের কাছে জ্ঞাত নয় |
| ৪. | শাখা : টালিগঞ্জ ট্রাম ডিপো (০৬৭৫২০)<br>মেসার্স গোপাল ভাণ্ডার<br>স্বত্বাধিকারী : মি. গোপাল সাহা<br>শ্রীপুর (ইস্ট), বাঘারঘোল, ওয়ার্ড নং ৩০, পোঃ বোড়াল, থানা নরেন্দ্রপুর, জেলা- দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা-৭০০ ১৫৪<br>অ্যাকাউন্ট নং : ০৬৭৫২১০৩০৫৯২১ ও অন্য<br>প্রপ. আইডি : PUNBGOPALBH | কমবেশি ১ কাঠা ৮ ছটাক পরিমাপের বাস্তু জমি তৎসহ এক তলা কাঠামোর যাতে রয়েছে ১ বেডরুম, ১ ডাইনিং রুম, ১ কিচেন এবং ১ বাথরুম নিয়ে পরিমাপ ৩৯৮ বর্গফুট, এর ইক্যুইটেব্ল মর্টগেজ, যেখানে অবস্থিত হোল্ডিং ৮৬, তৌজি নং ১৪, জে.এল. নং ৫৯, মৌজা-শ্রীপুর, গ্রাম-বাঘারঘোল, পোঃ বোড়াল, থানা নরেন্দ্রপুর (পূর্বে সোনারপুর) এখন রাজপুর-সোনারপুর পৌরসভার ৩২ নং ওয়ার্ডের অধীনে, জেলা-২৪ পরগনা দক্ষিণ, কলকাতা-৭০০ ১৫৪ যার এলপি নং ২৭৫(পি), সিএস দাগ নং ৬২৬(পি), ৬২৭(পি) এবং ৬২৮(পি), অ্যাডিশনাল রেজিস্ট্রি অফিস সোনারপুরের অধীনে, ডিস্ট্রিক্ট রেজিস্ট্রি অফিস-আলিপুর, পরগনা-মাগুরা, যা অনুযায়ী সেল ডিড্ নং আই-৭৮৯১ অফ ২০০৭, **শ্রী গোপাল সাহার নামে। ল্যাট : ২২.৪৪৬৫৯, লঙ্গ : ৮৮.৩৮১০২** | ক) ০৬.০৪.২০২২<br>খ) ১০,১৭,৩৬২.২৮ টাকা যে তারিখে ৩১.০৩.২০২২, এবং পুনরায় ধার্য সুদ ও চার্জসমূহ<br>গ) ২৬.০৭.২০২২<br>ঘ) প্রতীকী অধিগ্রহণ (ডিএম-এর সমীপে আবেদন দাখিল করা হয়েছে)<br>ঙ) প্রসেনজিত চৌধুরী মোবাইল : ৯৮৩১৩ ৬৮৯৫৪ | ক) ১৪,০৬,০০০.০০ টাকা<br>খ) ১,৪০,৬০০.০০ টাকা (০৫.০৫.২০২৬)<br>গ) ১৪,০০০.০০ টাকা<br>ঘ) ০৫.০৫.২০২৬ বেলা ১১টা থেকে বিকাল ৪টা<br>ঙ) এসএ/১২১/২০২৫, ডিআরটি-৩ |
| ৫. | শাখা : আলিপুর চেতলা (১৪১২০০)<br>মি. প্রদীপ কুমার সাউ<br>১১৪/৩সি, টালিগঞ্জ রোড, পশ্চিমবঙ্গ, কলকাতা-৭০০ ০২৭<br>এছাড়াও যেখানে : ১৩/১, রাখাল মুখার্জি রোড, কলকাতা-৭০০ ০৬১<br>কার্তিক চন্দ্র ভট্টাচার্য (গ্যারান্টার)<br>১০এ, টেলর রোড, পোঃ-কাঁচরাপাড়া, পিন-৭৪৩ ১৪৫<br>অ্যাকাউন্ট নং : ১৪১২০০এনসি০০০০৪১৩১<br>প্রপ. আইডি : PUNBPRADIPKSHAW | সুশীল অ্যাপার্টমেন্ট নামক জি+৩ তলবিশিষ্ট বিল্ডিংয়ের তৃতীয় তলে ফ্ল্যাট নম্বর ৯-এর সমগ্র অংশ, যার সুপার বিল্ট আপ এরিয়ার পরিমাপ কমবেশি ৮০০ বর্গফুট যাতে রয়েছে (দুই) বেডরুম, ১ (এক) ডাইনিং রুম, ১ (এক) কিচেন, ২ (দুই) টয়লেট, ১ (এক) ব্যালকনি, তৎসহ একত্রে বিল্ডিংটি যে জমিতে দাঁড় করানো হয়েছে তার আনুপাতিক অংশ যার পরিমাপ প্রায় ৬ কাঠা ১০ ছটাক যা সম্বলিত তৌজি নং ১ থেকে ৪, ৬, ৮ থেকে ১০, ১২ থেকে ১৬, ৫, জে.এল. নং ১৯, আর.এস. নং ৪৩, আর.এস. খতিয়ান নং ৮৭৭, ২১৩, দাগ নং ৩০৬, যেখানে স্থিত এবং রয়েছে ১৩/১, রাখাল মুখার্জি রোড, থানা-সরশুনা (পূর্বতন ঠাকুরপুকুর), কলকাতা-৭০০ ০৬১, **শ্রী প্রদীপ কুমার সাউ-এর নামে** যা অনুযায়ী ডিড্ নং ২০৪৭ অফ ২০০৪। **ল্যাট : ২২.৪৭৭৮১৫, লঙ্গ : ৮৮.৩০০৮১১** | ক) ১৩.০৫.২০২২<br>খ) ৩০,৬৪,৯৬৩.৯৯ টাকা যে তারিখে ৩০.০৪.২০২২, এবং পুনরায় ধার্য সুদ ও চার্জসমূহ<br>গ) ৩০.০৭.২০২২<br>ঘ) প্রতীকী অধিগ্রহণ (ডিএম-এর অর্ডার পাওয়া গেছে)<br>ঙ) সায়ন সরকার মোবাইল : ৮২৪০৬ ১০৯২৫ | ক) ১৫,০৩,০০০.০০ টাকা<br>খ) ১,৫০,৩০০.০০ টাকা (০৫.০৫.২০২৬)<br>গ) ১৫,০০০.০০ টাকা<br>ঘ) ০৫.০৫.২০২৬ বেলা ১১টা থেকে বিকাল ৪টা<br>ঙ) নেই, ব্যাঙ্কের কাছে জ্ঞাত নয় |

**নিয়ম ও শর্তাবলী :**
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এ নির্দেশিত নিয়ম ও শর্তাবলী এবং পুনরায় নিম্নলিখিত শর্তাবলী পূরণসাপেক্ষে সম্পত্তি বিক্রি করা হবে।
১. **"যেখানে যেমন আছে ভিত্তিতে"** এবং **"যা কিছু যেভাবে আছে ভিত্তিতে"** এবং **"সেখানে যা কিছু আছে ভিত্তিতে"** সম্পত্তিসমূহ বিক্রি করা হচ্ছে।
২. উপরিল্লিখিত শিডিউলে নির্ধারিত সিকিওরড্ অ্যাসেটসমূহের বিবরণ অনুমোদিত আধিকারিকের কাছে প্রাপ্ত সর্বোত্তম তথ্যমতে উল্লেখ করা হয়েছে, কিন্তু এই প্রোক্লামেশনে কোনও ত্রুটি, ভুল বক্তব্য বা কোনও অংশ বাদ যাওয়ার জন্য অনুমোদিত আধিকারিক উত্তর দিতে দায়বদ্ধ নন।
৩. ওয়েবসাইট : **https://baanknet.com**-এ ব্যবস্থিত ই-অকশন প্ল্যাটফর্মের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারী সম্পত্তি বিক্রি করবেন।
৪. বিক্রির বিশদ নিয়ম ও শর্তাবলীর জন্য, অনুগ্রহ করে দেখুন **https://baanknet.com & www.pnbindia.in**
৫. সম্পত্তির প্রেক্ষিতে কোনওরকম বিধিবদ্ধ বকেয়ার জন্য ব্যাঙ্ক দায়বদ্ধ থাকবেন না। যে কোনও ধরনের কর প্রদানের জন্য ক্রেতারা একচ্ছত্রভাবে দায়বদ্ধ থাকবেন।

রেজিস্ট্রেশনের জন্য, কিউআর স্ক্যান করুন

তারিখ : ০৪.০৪.২০২৬
স্থান : কলকাতা

অনুমোদিত আধিকারিক (৯৮৩১৭ ৭৮৭৭৪)
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক